

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাসঙ্গ, ঢাকা।

নং সলিসিটর/নাঃ ও শিঃ ২/ বিবিধ/২০১৬-১৩৯


তাং ০৯-১২-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে নিয়োজিত পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটরগণ কর্তৃক স্ব স্ব শিশু আদালতের মামলা পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শিশু আইন, ২০১৩ অনুযায়ী প্রত্যেক জেলায় অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতকে ও মহানগর এলাকায় অতিরিক্ত মহানগর দায়রা জজ ১ম আদালতকে শিশু আদালতের দায়িত্ব প্রদান করা হয়েছিল এবং উক্ত আদালতে নিয়োজিত পাবলিক প্রসিকিউটর, বিশেষ পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটরগণ শিশু আদালতের মামলা পরিচালনা করতেন। সম্প্রতি শিশু (সংশোধন) আইন, ২০১৮ এর মাধ্যমে শিশু আইন, ২০১৩ সংশোধন করা হয়। ২০১৮ সালের সংশোধনের পর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহকে নিজ নিজ অধিক্ষেত্রের জন্য শিশু আদালত হিসেবে গণ্য করা হয়। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ বর্তমানে শিশু আদালত হিসেবে গণ্য হওয়ায় এই ট্রাইব্যুনালসমূহে নিয়োজিত বিশেষ পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটরগণ পূর্বের ন্যায় স্ব স্ব অধিক্ষেত্রের শিশু আদালতের সকল মামলা পরিচালনার দায়িত্বপ্রাপ্ত হয়েছেন।

২। এমতাবস্থায়, শিশু (সংশোধন) আইন, ২০১৮ প্রবর্তনের পূর্বে অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালত এবং মহানগর এলাকায় অতিরিক্ত মহানগর দায়রা জজ ১ম আদালতে শিশু আদালতের মামলা পরিচালনাকারী পাবলিক প্রসিকিউটর, বিশেষ পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটরগণের নিকট শিশু আদালতের মামলার কোন কেস ডকেট বা অন্যান্য কাগজাদি থাকলে তা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের (বর্তমানে শিশু আদালতের) বিশেষ পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, সহকারী পাবলিক প্রসিকিউটরগণের নিকট হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)
সহকারী সচিব (জিপি/পিপি)
ফোন-৫৫১১০৩৯২।

কার্যার্থে অনুলিপি বিতরণঃ--(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

- ১। বিজ্ঞ বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,-----।
- ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ,-----।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,-----।
- ৬। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----।
- ৭। বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-----।
- ৮। পুলিশ সুপার,-----।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ১১। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর এর কার্যালয়, সুপ্রীমকোর্ট প্রাসঙ্গ, ঢাকা।
- ১২। বিজ্ঞ পিপি,-----।
- ১৩। বিজ্ঞ বিশেষ পিপি, অতিরিক্ত পিপি, এপিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,-----।
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি,-----।
- ১৫। গার্ড ফাইল।